



বাংলাদেশ ব্যাংক  
প্রধান কার্যালয়  
মতিঝিল, ঢাকা-১০০০  
বাংলাদেশ।  
ওয়েব সাইট: www.bb.org.bd

বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ

সার্কুলার পত্র নং- এফইপিডি(রেমিট্যান্স)৪৪/২০১৪-০৫

তারিখঃ ১৮-১২-১৪২০ বাঃ  
০১-০৪-২০১৪ খ্রিঃ

বৈদেশিক মুদ্রা লেনদেনে নিয়োজিত  
সকল অনুমোদিত ডিলার ব্যাংকের  
প্রধান কার্যালয়/প্রিন্সিপাল অফিস।

প্রিয় মহোদয়,

**বেসরকারী ব্যবস্থাপনায় হজ্জরত পালন- ১৪৩৫ হিজরী সন।**

ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের “হজ্জ প্যাকেজ-২০১৪ খ্রিঃ/১৪৩৫ হিজরী” এর আলোকে বেসরকারী ব্যবস্থাপনায় হজ্জরত পালনে গমনেচ্ছুগণের অনুকূলে বৈদেশিক মুদ্রা ছাড়করণে অনুসরণীয় দিক-নির্দেশনা নিম্নে প্রদত্ত হলো।

১। বেসরকারী ব্যবস্থাপনায় ১৪৩৫ হিজরী সনে হজ্জরত পালনের জন্য নিম্নোক্ত বিভাজন মোতাবেক ব্যাংকে টাকা জমা করতে হবে :

ক্রমিক নং	ব্যয়ের খাতসমূহ	পরিমাণ (টাকা)
১.(ক)	বিমান ভাড়া (নীট) মার্কিন ডলার ১৫০০ (১৫০০×৭৭.৪০)	১,১৬,১০০.০০
(খ)	ইন্সিওরেন্স সারচার্জ মার্কিন ডলার ১০ (১০×৭৭.৪০)	৭৭৪.০০
(গ)	জেদ্দা ডিপারচার ট্যাক্স সৌদি রিয়াল ৫০ (৫০×২১.০০)	১,০৫০.০০
(ঘ)	এম্বারকেশন ফি	৩০০.০০
(ঙ)	এক্সাইজ ডিউটি	৫০০.০০
(চ)	হজ্জ টার্মিনাল সার্ভিস চার্জ সৌদি রিয়াল ৩০ (৩০×২১.০০)	৬৩০.০০
	মোট	১,১৯,৩৫৪.০০
২.	স্থানীয় সার্ভিস চার্জ : আইডি কার্ড, কজিবেল্ট, কিটব্যাগ, হজ্জ ও ওমরাহ সংক্রান্ত পুস্তিকা, আই.টি সার্ভিস, হজ্জ ক্যাম্পে আবাসন ও প্রচারণাসহ হজ্জযাত্রীদের সেবা প্রদান ইত্যাদি	৮০০.০০
৩.	হজ্জযাত্রীদের কল্যাণ তহবিল (আপৎকালীণ ফান্ড) :	২০০.০০
৪.	প্রশিক্ষণ ফি :	৩০০.০০
৫.	মোয়াল্লেম ফি : মিনা-আরাফা-এ তাঁবু ভাড়া এবং জেদ্দা-মক্কা-মদীনা ও আল-মাশায়েরে যাতায়াত ও পরিবহন ফি, রাজকীয় সৌদি সরকারের নির্দেশনা মোতাবেক অতিরিক্ত ১% সীট ভাড়া ও হজ্জযাত্রী প্রতি রাজকীয় সৌদি সরকারকে প্রদেয় ব্যাংক গ্যারান্টি (অফেরত যোগ্য), সার্ভিস চার্জ, জমজমের পানি ইত্যাদি সৌদি রিয়াল ১২০৪ (১২০৪×২১.০০)	২৫,২৮৪.০০
৬.	খাওয়া খরচ: রাজকীয় সৌদি সরকারের নির্দেশনা মোতাবেক সৌদি আরবস্থ ক্যাটারিং কোম্পানীর মাধ্যমে দৈনিক তিন বেলা খাবার সরবরাহ করতে হবে। দৈনিক তিন বেলা ৩৫.০০ সৌদি রিয়াল হারে সর্বোচ্চ ৪২ (বিয়াল্লিশ) দিনের খাওয়া খরচ বাবদ সৌদি রিয়াল ১৪৭০ (১৪৭০×২১.০০)	৩০,৮৭০.০০
৭.	৫৬ সেগমিঃ × ২৫ সেগমিঃ × ৪৫ সেগমিঃ আয়তনের ও একই রং এর ব্যাগ সরবরাহ বাবদ সম্ভাব্য ব্যয়	১,৭০০.০০
	সর্বমোট (১+২+৩+৪+৫+৬+৭)=	১,৭৮,৫০৮.০০ (এক লক্ষ আটাত্তর হাজার পাঁচ শত আট)
৬.	মিনা-আরাফা এ মোয়াল্লেমের অতিরিক্ত সার্ভিস চার্জ	এজেসী প্যাকেজ অনুযায়ী
৭.	মক্কা-মদিনায় বাড়ী ভাড়া ব্যয়	এজেসী প্যাকেজ অনুযায়ী
৮.	হজ্জ যাত্রীদের কুরবানী খরচ	এজেসী প্যাকেজ অনুযায়ী
৯.	হজ্জ গাইড খরচ	এজেসী প্যাকেজ অনুযায়ী

নোটঃ প্রতি মার্কিন ডলার ৭৭.৪০ (সাতাত্তর টাকা চল্লিশ পয়সা) টাকা এবং প্রতি সৌদি রিয়াল ২১.০০ (একুশ টাকা) টাকা হারে ধরা হয়েছে।

০২। হজ্জের সার্বিক খরচ ছাড়াও প্রত্যেক হজ্জযাত্রী ৫০০ (পাঁচশত) মার্কিন ডলারের সমতুল্য বৈদেশিক মুদ্রা সাথে নিয়ে যেতে পারবেন।

০৩। রাজকীয় সৌদি সরকারের নির্দেশনা মোতাবেক সৌদি আরবে প্রত্যেকটি হজ্জ এজেসীর নিজস্ব ব্যাংক হিসাব চালু করতে হবে এবং উক্ত হিসাবের মাধ্যমে আবাসন ও খাবারের অর্থ পরিশোধ করতে হবে। যে সকল হজ্জ এজেসী SAMA (Saudi Arabian Monitoring Agency) এর নির্দেশনা অনুযায়ী সৌদি আরবে ব্যাংক হিসাব চালু করবে না এবং ব্যাংকের মাধ্যমে বাড়ী/হোটেল ভাড়া ও খাবারের অর্থ পরিশোধ করবে না সে সকল হজ্জ এজেসী হজ্জযাত্রী প্রেরণে সৌদি সরকারের অনুমোদন পাবে না এবং এ সকল কার্যক্রম অনলাইনের মাধ্যমে সম্পাদন করতে হবে। উক্ত ব্যাংক হিসাবে আবাসন ও খাবারের অর্থ রেমিট্যান্সকালে সংশ্লিষ্ট হজ্জযাত্রীদের তালিকা রেমিট্যান্স প্রেরণকারী ব্যাংকে জমা করতে হবে। অনুমোদিত হজ্জ ব্যয় ব্যতিত অন্য কোন ব্যয় এ হিসাব হতে নির্বাহ করা যাবে না।

০৪। প্রচলিত ব্যবস্থায় টিএম ফরমে আবেদনের ভিত্তিতে কনফার্মড রিটার্ন এয়ার টিকেট ও আন্তর্জাতিক পাসপোর্টে এনডোর্সমেন্টপূর্বক বৈদেশিক মুদ্রা ইস্যু করা যাবে। বিমান টিকেটে উল্লিখিত যাত্রার তারিখের ২(দুই) সপ্তাহের পূর্বে কোন বৈদেশিক মুদ্রা ইস্যু করা যাবে না।

০৪। হজ্জ যাত্রীর আন্তর্জাতিক পাসপোর্টে অনুরূপ স্বাক্ষর/টিপসসি টিএম ফরমে গ্রহণ করে নির্ধারিত পরিমাণ বৈদেশিক মুদ্রা কেবলমাত্র সংশ্লিষ্ট হজ্জ যাত্রীর নিকট হস্তান্তরের বিষয়টি অনুমোদিত ডিলারগণকে নিশ্চিত করতে হবে।

এ সার্কুলার পত্রের বিষয়বস্তু সংশ্লিষ্ট সকল পক্ষকে অবহিত করার জন্য আপনাদেরকে অনুরোধ করা যাচ্ছে।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ আব্দুল মান্নান)

উপ মহাব্যবস্থাপক

ফোন : ৯৫৩০৩১৯।

সংযোজনী : “হজ্জ প্যাকেজ-২০১৪ খ্রিঃ/১৪৩৫ হিজরী”